

স্বাড়ে ১৬ হাজার শিক্ষাপ্রতিষ্ঠানে 'মাল্টিমিডিয়া ক্লাস' চালু

যায়যায়দিন রিপোর্ট

বর্তমান সরকার শিক্ষাকে প্রযুক্তিনির্ভর করতে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং মাদ্রাসাসমূহের স্বাড়ে ১৬ হাজার শিক্ষাপ্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাস চালু করেছে। চলতি জুলাই-আগস্টের মধ্যে ২০ হাজার ৫০০ শিক্ষাপ্রতিষ্ঠানের অবশিষ্ট ৪ হাজার প্রতিষ্ঠানেও মাল্টিমিডিয়া ক্লাস চালু করবে। তবে সরকারি-বেসরকারি উদ্যোগে ইতোমধ্যে আরো প্রায় ৪ হাজার শিক্ষাপ্রতিষ্ঠানে এ ধরনের একাধিক ক্লাস চালু হয়েছে।

শিক্ষাকে যুগপেয়োবাহী ও আধুনিক এবং শিক্ষার্থীদের মুখণ্ড বিদ্যার বাহিরে নিয়ে আসতে ২০১১ সালের জানুয়ারি থেকে আইসিটি প্রকল্পের মাধ্যমে সরকার মাল্টিমিডিয়া ক্লাস চালুর উদ্যোগ গ্রহণ করে। প্রকল্পটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের অধীনে

পরিচালিত হচ্ছে।

এ প্রসঙ্গে প্রকল্প পরিচালক আবুল কালাম আজাদ জানান, বর্তমান সরকার শিক্ষাকে আকর্ষণীয় ও বিনোদনমূলক এবং শিক্ষার্থীদের কাছে সহজে উপস্থাপনের জন্য আধুনিক এই পদ্ধতি চালু করেছে।

তিনি বলেন, প্রকল্পের অধীনে ইতোমধ্যে স্বাড়ে ১৬ হাজার শিক্ষাপ্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাস চালুর জন্য ল্যাপটপ, প্রোজেক্টর, মোডেম, সাউন্ডবক্স এবং শিক্ষারসহ বিভিন্ন সরঞ্জামাদি পৌঁছে দেয়া হয়েছে।

চলতি জুলাই মাসের মধ্যে অবশিষ্ট ৪ হাজার শিক্ষাপ্রতিষ্ঠানেও এসব সরঞ্জামাদি পৌঁছে দেয়া হবে।

তিনি বলেন, ইতোমধ্যে ১৮ হাজার ১০৫ জন শিক্ষককে মাল্টিমিডিয়া ক্লাস নেয়ার উপযোগী করে প্রশিক্ষণ প্রদান সম্পন্ন করা হয়েছে।